

Jalalpur Gram Panchayat

Kaliachak – I Panchayat Samity

Vill. & P.o. – Jalalpur, Dist. – Malda

Memo No: 09 /JGP/2017

Date: 11.01.2018

বিশেষ বিজ্ঞপ্তি

এতদ্বারা জালালপুর গ্রাম পঞ্চায়েত এলাকার সকল জনসাধারণকে জানানো যাচ্ছে যে, এই গ্রাম পঞ্চায়েতে চুক্তির ভিত্তিতে শূন্য পদে একজন ট্যাক্স কালেক্টিং সরকার (কর আদায়কারী) নিয়োগ করা হবে। নিয়োগ হবে সম্পূর্ণ চুক্তির ভিত্তিতে (Deputy Secretary to the Govt. of West Bengal Memo No. 2070/PN/O/III/2A-78/04 Dtd. 27.05.2005 মোতাবেক)। যোগ্যতা যাচাইয়ের জন্য মেরিট এবং গ্রাম পঞ্চায়েতের উন্নয়নমূলক কাজে যুক্ত থাকার অভিজ্ঞতা বিবেচিত হবে। কাজের অভিজ্ঞতাকে যোগ্যতা যাচাইয়ের ক্ষেত্রে অগ্রাধিকার দেওয়া হবে।


শর্তাবলীঃ

- ১) জালালপুর গ্রাম পঞ্চায়েতের স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ২) আবেদনের তারিখে ন্যূনতম বয়স হতে হবে ২৫ বৎসর। আবেদনকারীর শারিরিক ও মাণসিক সক্ষমতা বয়সের উচ্চতর সীমা নির্ধারণের ক্ষেত্রে বিবেচিত হবে।
- ৩) ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা কোনও স্বীকৃত বোর্ড, কাউন্সিল বা ইউনিভার্সিটি থেকে মাধ্যমিক সমতুল পাশ।

আর্থিক সুযোগ সুবিধাঃ

রাজ্য সরকারের নির্দিষ্ট হারে ভাতা প্রদান করা হবে (মাসিক ভাতা ৭৫০.০০ টাকা) এছাড়াও আদায়ের কমিশন পাওয়া যাবে।

আবেদন পত্র জমা দেওয়ার তারিখ ১১.০১.২০১৮ থেকে ২৫.০১.২০১৮। আবেদন পত্র প্রয়োজনীয় নথি সমেত জালালপুর গ্রাম পঞ্চায়েত অফিসে, অফিস আওয়ারে জমা দেওয়া যাবে (সরকারী ছুটির দিন বাদে)। আবেদন পত্রের সঙ্গে জমা দিতে হবে শিক্ষাগত যোগ্যতার প্রমাণ পত্রের প্রত্যায়িত নকল, গ্রাম পঞ্চায়েত প্রধানের ইস্যু করা স্থায়ী বাসিন্দার শংসাপত্র, গ্রাম পঞ্চায়েত করের হাল সনের রসিদ, বয়সের প্রমাণপত্র (জন্ম সার্টিফিকেট/মাধ্যমিক অ্যাডমিট), কাজের অভিজ্ঞতা থাকলে তার প্রমাণপত্র এবং বায়োডাটা।



Prodhan
Jalalpur Gram Panchayat
Kaliachak-I, Malda

Memo No: 09/1(6)/JGP/2017

Date: 11.01.2018

প্রতিলিপি জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলঃ

- ১) মাননীয় ডি পি আর ডি ও, মালদা
- ২) মাননীয় বি ডি ও, কালিয়াচক - ১ ব্লক
- ৩) ডি আই ও, এন আই সি, মালদা, ডিস্ট্রিক্ট পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হল।
- ৪) সহজ তথ্যমিত্র কেন্দ্র, জালালপুর
- ৫) গ্রামীন লাইব্রেরী, জালালপুর
- ৬) গ্রাম পঞ্চায়েত অফিস নোটিশ বোর্ড



Prodhan
Jalalpur Gram Panchayat
Kaliachak-I, Malda